

ভূগোল

আজকের পাঠ

ভূ- তাত্ত্বিক প্রক্রিয়া : ভাঁজ ও চ্যুতি

(দ্বিতীয় ভাগ)

১) ভাঁজ বলতে কি বোঝায়?

✓ গিরিজনি আলোড়নের ফলে ভঙ্গিল পর্বত গঠনকালে শিলাস্তরে সংনমন (**compression**) ও সংকোচনের (**Contraction**) ফলে বিভিন্ন প্রকার ভাঁজের সৃষ্টি হয়।

২) শিলায় ভাঁজের সৃষ্টি হলে শিলাস্তরের যে অংশ উপরের দিকে উঠে যায় তাকে কি বলা হয়?

✓ উধধভঙ্গ (**Articline**)

৩) শিলায় ভাঁজের সৃষ্টি হলে শিলাস্তরের যে অংশ নিচের দিকে নেমে যায় তাকে কি বলা হয়?

✓ অধোভঙ্গ (**Syncline**)

৪) শিলাস্তরে ভাঁজের কোন অংশে শৃঙ্গ গঠিত হয়?

✓ উধধভঙ্গ (**Articline**) অংশে

৫) শিলাস্তরে ভাঁজের কোন অংশে উপত্যকা গঠিত হয়?

✓ অধোভঙ্গ (**Syncline**) অংশে

৬) বিভিন্ন প্রকার ভাঁজের উৎপত্তি ও কারণ লিখ?

<u>বিভিন্ন প্রকার ভাঁজ</u>	<u>ভাঁজের কারন</u>
১) সুষম ভাঁজ (Symmetrical Fold)	শিলাস্তরে দুইদিকে চাপ সমান হলে সুষম ভাঁজের সৃষ্টি হয়।
২) অসম ভাঁজ (Asymmetrical Fold)	শিলায় অসমান চাপের ফলে সৃষ্টি হয় অসম ভাঁজ
৩) আবৃত বলি (Overfold)	শিলাস্তরে একদিকের চাপের তুলনায় অন্যদিকের চাপ প্রবলতর হলে একটি বাহুর উপর আরেকটি বাহু এসে পড়ে তখন একে আবৃত বলি বলা হয়।

বিভিন্ন প্রকার ভাঁজ	ভাঁজের কারন

<p>৪) অনুভূমিক ভাঁজ (Recumbent Fold)</p>	<p>ভাঁজের একটি বাহু আরেকটি বাহুর উপর শায়িত অবস্থাকে বলা হয় অনুভূমিক ভাঁজ</p>
<p>৫) ন্যাপ (Nappe)</p>	<p>অনুভূমিক ভাঁজের ওপরের কোনো অংশ বিচ্ছিন্ন হয়ে দূরে সরে গেলে ন্যাপ এর সৃষ্টি হয়।</p>
<p>৬) পাখা ভাঁজ (Fan Fold)</p>	<p>শিলাস্তরে ভাঁজের দুটি বাহুই যদি উল্টানো অবস্থায় থাকলে পাখা ভাঁজের সৃষ্টি হয়।</p>

৭) চ্যুতি (Fault) কিভাবে সৃষ্টি হয়?

✓ ভূ – আলোড়নের সময় শিলাস্তরে ক্রমশ সংনমন ও টানের ফলে শিলাস্তরে ফাটল দেখা দেয় এবং এই ফাটল বরাবর একদিকে শিলাস্তর নেমে যায় আবার বিপরীত দিকে শিলাস্তর ওপরে উঠে আসে এইরূপ ভূমিরূপ কে বলা হয় চ্যুতি (Fault)।

৮) চ্যুতিরেখা বলতে কি বোঝায়?

✓ শিলাস্তরে যে অনুভূমিক রেখা বরাবর চ্যুতি ঘটে তাকে চ্যুতিরেখা বলা একদিকের শিলাস্তর চ্যুতিরেখা বরাবর নীচে নেমে গেলে অপরদিকে উঁচু শিলাস্তরটি খাড়া চ্যুতিরেখা গঠন করে।



৯) চ্যুতিতল কি?

✓ শিলাস্তরে যে তল বরাবর এই চ্যুতি ঘটে তাকে বলা হয় চ্যুতিতল।

১০) যখন দুটি সমান্তরাল চ্যুতির মধ্যবর্তী অংশ ওপরে উঠে আসে – উপরে উঠে আসা সেই অংশটিকে কি বলা হয়?

✓ ভূপ পর্বত (Block Mountain)

১১) দুটি চ্যুতির মধ্যভাগের ভূমিভাগ বসে গেলে যে নিম্নভূমি সৃষ্টি হয় এইরূপ ভূমিরূপকে কি বলা হয়?

✓ গ্রস্ত উপত্যকা (অপর নাম গ্রাবেন graben)

১২) বিভিন্ন প্রকার চ্যুতির উৎপত্তি কারণ সমন্ধে লিখ?

বিভিন্ন প্রকার চ্যুতি	চ্যুতির কারণ
১) স্বাভাবিক চ্যুতি (Normal Faults)	শিলাস্তরে ক্রমশ টানের ফলে শিলা ফেটে বিপরীত দিকে স্থানান্তর হয়ে যায় এবং এক শিলাব্লক অন্য শিলা

	<p>ব্লকের নিচের দিকে অভিগামী হয়।</p>
<p>২) বিপরীত চ্যুতি (Reverse Fault)</p>	<p>যখন দুটি শিলা ব্লক একে অপরের দিকে ক্রমশ অভিমুখী হয়ে এক ব্লক অন্য ব্লকের উপর উঠে যায়</p>

বিভিন্ন প্রকার চ্যুতি	চ্যুতির কারন
<p>৩) ঠেলা চ্যুতি (Thrust Fault)</p>	<p>বিপরীত চ্যুতির গঠনের সময় অধিক টানের ফলে ঠেলা চ্যুতির উৎপত্তি হয়। এই চ্যুতি ৪০ ডিগ্রী থেকে ০ ডিগ্রী কোন লক্ষ করা যায়।</p>

<p>৪) স্টেপ চ্যুতি</p>	<p>যখন কোনো অঞ্চলে এক বা একাধিক চ্যুতির লক্ষ্য করা যায় সমস্ত চ্যুতির ঢালু অংশ একই দিকে থাকলে একে স্টেপ চ্যুতি বলে।</p>
<p>৫) স্ট্রাইক স্লিপ চ্যুতি</p>	<p>দুটি বিপরীত দিক থেকে শিলায় ক্রমশ চাপের ফলে শিলাখন্ড উপর ও নিচের দিকে না সরে পাশাপাশি অর্থাৎ সামনে ও পেছনের দিকে সরে গেলে একে বলা হয় স্ট্রাইক স্লিপ চ্যুতি।</p>

১৩) চ্যুতিনতি ও নতি কি?

✓ যখন চ্যুতিতল ও কাঙ্ক্ষনিক অনুভূমিক তলের মধ্যে যে কোন তৈরি হয় তাকে নতি বলা হয়।

১৪) হেড কি?

✓ যখন চ্যুতিতল ও কাঙ্ক্ষনিক উলম্ব তলের মধ্যে যে কোন তৈরি হয় তাকে হেড বলা হয়।

১৫) চ্যুতিআয়াম কি?

✓ যে তল বরাবর চ্যুতিতল ও কাঙ্ক্ষনিক অনুভূমিক তল মিলিত হয় তাকে চ্যুতিআয়াম বলা হয়।

১৬) হিড কি?

✓ যখন দুটি চ্যুতি খন্ডের অনুভূমিক ভাবে ব্যবধান ঘটে তাকে হিড বলে

১৭) থ্রো কি?

যখন দুটি চ্যুতি খন্ডের উলস্ব ভাবে ব্যবধান ঘটে তাকে বলা হয় থ্রো।

১৮) চ্যুতিমন্ডল কি?

✓ চ্যুতিমন্ডল কে ভূমিকম্প বলয় বলা হয়। এটা হলো সেই অঞ্চল যেখানে দুটি প্লেট মিলিত হয়। এইসব অঞ্চল ভূমিকম্পের জন্য বিপদজনক।

১৯) ভারতের কোথায় চ্যুতিমন্ডল দেখা দেয়?

✓ হিমালয় অঞ্চল, সম্পূর্ণ উত্তর পূর্ব অঞ্চল, কাচের রান অঞ্চল, রাজস্থান ও গাঙ্গেয় বদ্বীপ অঞ্চল।

২০) চ্যুতির ফলে কি রূপ ভূমিরূপের সৃষ্টি হয়?

✓ ভূপ পৰ্বত ও গ্ৰস্ত উপত্যকা।

২১) ভাৰতে উপস্থিত ভূপ পৰ্বতের উদাহরণ দাও?

✓ বিষ্ণু পৰ্বত, সাতপুৰা পৰ্বত ও নীলগিৰি পৰ্বত

২২) ভাৰতে উপস্থিত গ্ৰস্ত উপত্যকার উদাহরণ দাও?

✓ নৰ্মদা ও তাপ্তি নদীর উপত্যকা।

সমাপ্ত

ধন্যবাদ



